জনাব মোঃ আবদুল হামিদ, এডভোকেট
বর্তমান স্পীকার

জনাব মোঃ আবদুল হামিদ, এডভোকেট ১৯৪৪ সালের ১ জানুয়ারি কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলার কামালপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মরহুম হাজী মোঃ তায়েব উদ্দিন এবং মাতার নাম মরহুমা তমিজা খাতুন।

জনাব মোঃ আবদুল হামিদ কিশোরগঞ্জের গুরুদয়াল কলেজ থেকে আই.এ ও বি.এ ডিগ্রী এবং ঢাকার সেন্ট্রাল ল' কলেজ থেকে এল.এল.বি ডিগ্রী লাভ করেন। এল.এল.বি ডিগ্রী অর্জনের পর তিনি আইন পেশায় কিশোরগঞ্জ বারে যোগদান করেন। তিনি ১৯৯০-১৯৯৬ সময়কাল পর্যন্ত পাঁচ বার কিশোরগঞ্জ জেলা বার সমিতির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন।

জনাব হামিদের রাজনৈতিক জীবনের শুরু ১৯৫৯ সালে তৎকালীন ছাত্রলীগে যোগদানের মাধ্যমে। ১৯৬১ সালে কলেজে অধ্যয়নরত অবস্থায় তিনি আইয়ুব বিরোধী আন্দোলনে অংশগ্রহণ করেন। ফলে তৎকালীন পাকিস্তান সরকার তাঁকে কারারুদ্ধ করে। ১৯৬৩ সালে তিনি কিশোরগঞ্জের গুরুদয়াল কলেজ ছাত্র সংসদের সাধারণ সম্পাদক এবং ১৯৬৫ সালে একই কলেজের সহ-সভাপতি নির্বাচিত হন। ১৯৬৪ সালে কিশোরগঞ্জ সাব-ডিভিশনের ছাত্রলীগের প্রতিষ্ঠাতা সভাপতি এবং ১৯৬৬-৬৭ সালে ময়মনসিংহ জেলা ছাত্র লীগের জেলা সহ-সভাপতি নির্বাচিত হন। ১৯৬৯ সালে তিনি আওয়ামীলীগে যোগদান করেন।

জনাব আবদুল হামিদ ১৯৭০ সালে ময়মনসিংহ-১৮ থেকে পাকিস্তান জাতীয় পরিষদে সর্বকনিষ্ঠ সদস্য নির্বাচিত হন। তিনি ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন এবং ভারতের মেঘালয় রিক্রুটিং ক্যাম্পের চেয়ারম্যান ও তৎকালীন সুনামগঞ্জ ও কিশোরগঞ্জ জেলার বাংলাদেশ লিবারেশন ফোর্স (মুজিব বাহিনী) সাব-সেক্টরের কমান্ডার পদসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। ১৯৭৩ সালের ৭ মার্চ অনুষ্ঠিত প্রথম জাতীয় সংসদ নির্বাচনে কিশোরগঞ্জ-৫ আসন থেকে তিনি সংসদ-সদস্য নির্বাচিত হন। ১৯৭৪ সালে তিনি কিশোরগঞ্জ জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি নির্বাচিত হন এবং ১৯৭৮ থেকে ২০০৯ খ্রিঃ এর ২৫ জানুয়ারি স্পীকার নির্বাচিত হবার পূর্ব পর্যন্ত সভাপতির দায়িত্ব পালন করেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নৃশংস হত্যাকান্ডের পর ১৯৭৬-৭৮ সালে তৎকালীন বিএনপি সরকারের সময় তিনি কারারুদ্ধ হন।

১৯৮৬ সালে তৃতীয় জাতীয় সংসদ নির্বাচন, ১৯৯১ সালে পঞ্চম জাতীয় সংসদ নির্বাচন, ১৯৯৬ সালে সপ্তম জাতীয় সংসদ নির্বাচন, ২০০১ সালে অষ্টম জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামীলীগের মনোনীত প্রার্থী হিসেবে সংসদ-সদস্য নির্বাচিত হন। জনাব হামিদ সপ্তম জাতীয় সংসদে ডেপুটি স্পীকার নির্বাচিত হন এবং ১৩ জুলাই, ১৯৯৬ থেকে ১০ জুলাই, ২০০১ পর্যন্ত এ পদে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি স্পীকার নির্বাচিত হন এবং ১১ জুলাই, ২০০১ থেকে ২৮ অক্টোবর, ২০০১ পর্যন্ত দায়িত্ব পালন করেন। অষ্টম জাতীয় সংসদে তিনি ২০০১ সালের ১ নভেম্বর থেকে ২৭ অক্টোবর ২০০৬ সাল পর্যন্ত বিরোধীদলীয় উপনেতা হিসেবে দায়িত্ব পালন করেছেন। ২০০৮ সালের ২৯ ডিসেম্বরে অনুষ্ঠিত নবম জাতীয় সংসদ নির্বাচনে তিনি সংসদ-সদস্য নির্বাচিত হন এবং ২০০৯ সালের ২৫ জানুয়ারি সর্বসম্মতিক্রমে দ্বিতীয় বারের মত স্পীকার নির্বাচিত হন।

জনাব হামিদ পৃথিবীর অনেক দেশ ভ্রমণ করেছেন। সংসদ-সদস্য এবং বাংলাদেশ জাতীয় সংসদের ডেপুটি স্পীকার হিসেবে তিনি যুক্তরাষ্ট্র, রাশিয়া, কানাডা, ভারত, জিব্রাল্টার, বার্বাডোজ, মিশর, সিঙ্গাপুর, দুবাই, আবুধাবী, থাইল্যান্ড, মরোক্কো, সৌদি আরব, সাইথ আফ্রিকা, নামিবিয়া, সুইজারল্যান্ড, হংকং, কুয়েত, ইরান, কোরিয়া, মংগোলিয়া, চীন, ফিজি, অষ্ট্রেলিয়া, কিরিবাতি প্রভৃতি দেশ ভ্রমণ করেন। আন্তঃপার্লামেন্টারী ইউনিয়নের (আই পি ইউ) সাসটেইনেবল ডেভেলপমেন্ট কমিটি এবং কমনওয়েলথ পার্লামেন্টারী এসোসিয়েশন (সিপিএ)-এর এক্সিকিউটিভ কমিটিতে একজন সক্রিয় সদস্য হিসেবে জনাব হামিদ উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন।

একজন সমাজসেবক ও শিক্ষা-সংস্কৃতির পৃষ্ঠপোষক জনাব হামিদ তাঁর নির্বাচনী এলাকায় অনেক বিদ্যালয়, মাদ্রাসা এবং কলেজ প্রতিষ্ঠা করেন। তিনি কিশোরগঞ্জ জেলা শিল্পকলা একাডেমী, রেড ক্রিসেন্ট সোসাইটি, কিশোরগঞ্জ রাইফেলস ক্লাব এবং কিশোরগঞ্জ প্রেস ক্লাবের আজীবন সদস্যসহ বহু সংগঠনের সাথে জড়িত।

জনাব হামিদ বিবাহিত এবং তিন পুত্র ও এক কন্যা সন্তানের জনক। জাতীয় ও আন্তর্জাতিক রাজনীতি এবং বিভিন্ন দেশের সংবিধান ও ইতিহাস গ্রন্থ পাঠ করা তাঁর প্রিয় সখ।

Mr. Md. Abdul Hamid Advocate
Present Speaker

Mr. Md. Abdul Hamid Advocate was born on 1 January, 1944 in Kamalpur of Mithamoin Upazilla under Kishoregonj district. His father's name is Late Hazi Md. Tayebuddin and mother's name is Late Tamiza Khatun.

Mr. Abdul Hamid passed I.A. & B.A. from Gurudayal College of Kishoregonj and LLB from Central Law College under Dhaka University. After passing LLB, he joined Kishoregonj Bar as an advocate. He was President of Kishoregonj District Bar Association for 5 times during the period of 1990-96.

Mr. Abdul Hamid got involved in politics from his student life in 1959. While studying in the college he took leading part in anti-Ayub movement in 1961 and was imprisoned by Pakistan Government for taking part in student movement. In 1963, he was elected as the General Secretary and in 1965 as the Vice-President of Student Union in Gurudayal College of Kishoregonj. Mr. Hamid was the Founder President of Chatra League of Kishoregonj Sub-Division in 1964 and also elected as the Vice-President of Chatra League of Mymensingh district in 1966-67. In 1969 he joined Bangladesh Awami League.

In the National Assembly Election of 1970, Mr. Hamid was elected as a junior most member from Mymensingh-18 constituency. He took part in the Liberation War of 1971 and acted as the Chairman of recruiting camp in Meghalaya in India. He also acted as the commander of the sub-sector of Bangladesh Liberation Force (Mujib Bahini). In the National Election of 1973, he was elected as a Member of Parliament from Kishoregonj-5 constituency. In 1974, he was Vice President of Kishoregonj district Awami League and from 1978 to 2009 was the President of Kishoregonj district Awami League before being elected as the Speaker of 9^{th} Parliament. In 1976-1978 Mr. Hamid was imprisoned by the then BNP Government after the killing of Bangabandhu Sheikh Mujibur Rahman.

In the National Election of 1986, 1991, 1996, 2001 and 2009 he was elected Member of Parliament from Kishoregonj-5 constituency. In the seventh Parliament of 1996 he was unanimously elected as the Deputy Speaker (13 July, 1996 to 10 July, 2001) of Bangladesh Parliament and later became the Speaker (12 July, 2001 to 28 October, 2001). In the Eighth Parliament he served as the Deputy Leader of the Opposition (01 November, 2001 to 27 October, 2006). In the National Parliament Election held on 29 December, 2008 he was elected member of Parliament and was unanimously elected Speaker of Bangladesh Parliament on 25 January, 2009 for the second term.

Mr. Hamid visited many countries of the world. He visited U.S.A., U.K., Russia, Canada, China, India, Saudi-Arabia, Kuwait, Iran, Egypt, Singapore, Dubai, Abu-Dhabi, Thailand, Morocco, Mongolia Gibraltar, South Africa, Namibia, Switzerland, Barbados, Korea, Hong Kong etc to attend meetings, seminars, symposiums and conference as Member of the Parliament and as the Deputy Speaker of Bangladesh Parliament. He played a pivotal role in the Inter-Parliamentary Union (IPU) and in the Commonwealth Parliamentary Association (CPA) as a Member of the Sustainable Development Committee of IPU and as a Member of the Executive Committee of CPA respectively.

Mr. Md. Abdul Hamid Advocate is an ardent social worker and has established a good number of schools, Madrashas and colleges in his constituency. He is the Life Member of Kishoregonj District Shilpakala Academy, Red Crescent Society of Kishoregonj Unit, Kishoregonj Rifle Club and Kishoregonj Press Club. He is also associated with many other institutions.

Mr. Hamid is married and father of three sons and a daughter. Reading books on history and constitutions of different countries is his favourite hobby.